

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/16/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো স্টেট পুলিশের হেইট ক্রাইম টাস্ক ফোর্সকে (HATE CRIMES UNIT) সাফোক কাউন্টির স্টেট পার্কে স্বস্তিকার আৰো গ্রাফিতির তদন্তে সহায়তা করার নির্দেশনা দিয়েছেন

"মঙ্গলবার সন্ধ্যায়, একজন নৈশ প্রহরী সাফোক কাউন্টির নিসেকোয়াগ রিভার স্টেট পার্কে একটি ভবনে স্প্রে করা একটি স্বস্তিকা দেখতে পায়, এই সপ্তাহে দ্বিতীয়বার এই ঘৃণ্য প্রতীকটি পাওয়া গেল। শুধুমাত্র ইহুদী-বিদ্বেষের ভয়াবহ এই প্রদর্শনীর কারণেই নয়, বরঞ্চ পক্ষপাত-মূলক অপরাধ যা আমাদের কমিউনিটিতে ভাঙন এবং ভয় সঞ্চার করার উদ্দেশ্যে করা হয় সেগুলোর পরিমাণ ভয়ংকরভাবে বৃদ্ধি হওয়াতেও আমার চূড়ান্ত বিতৃষ্ণা জাগছে।

নিউ ইয়র্কে যেকোনো ধরণের ঘৃণা বা বৈষম্যের প্রশ্নে আমাদের একেবারে শূন্য সহনশীলতা রয়েছে এবং আমরা সর্বদা জেগে উঠবো এবং কঠোর ভাষায় এর বিরুদ্ধে কথা বলব। এই ঘৃণ্য অপকর্মের তদন্তে স্থানীয় কর্তৃপক্ষকে সহায়তা করতে আমি স্টেট পুলিশের হেইট ক্রাইম টাস্ক ফোর্সকে নির্দেশ দিয়েছি। এসব জঘন্য কাজের জন্য যারা দায়ী তাদের আমরা খুঁজে বের করব এবং আইনের সর্বোচ্চ মাত্রায় তাদের দোষো সাব্যস্ত করবো।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)